

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি বৃদ্ধি স্থগিত

নিজস্ব প্রতিবেদক



জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অসুবিধা বিবেচনায় স্নাতক তৃতীয় বর্ষ থেকেই বিশ্ববিদ্যালয়ের ফি বৃদ্ধি স্থগিত করা হয়েছে। সংকট সমাধানে দ্রুত উদ্যোগ নেওয়া হবে বলে কালের কণ্ঠকে জানান বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ। তিনি বলেন, ‘যারা ইতিমধ্যেই রেজিস্ট্রেশন করেছে তাদের ফি অ্যাডজাস্ট করা হবে।’

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষার (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) ফরম পূরণের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

আগামী ২৮ অক্টোবর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত
পরীক্ষার্থীরা অনলাইনে ফরম পূরণ করতে
পারবেন।

এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন অনার্স
৩য় বর্ষের ফরম পূরণের ফি অযৌক্তিকভাবে
বৃদ্ধি করার প্রতিবাদে অনার্স ৩য় বর্ষের
শিক্ষার্থীরা ফরম পূরণ ব্যয়কটের ডাক দিয়েছে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য
২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম
পূরণের ফি বেড়েছে। এতে গত বছরের তুলনায়
অতিরিক্ত ১ হাজার ১০০ থেকে ১ হাজার ২০০
টাকা পর্যন্ত বেশি ফি গুণতে হবে।